গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফকিরহাট, বাগেরহাট
fakirhat.bagerhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১৩৪.০০০.১১.০০৩.১৬-

তারিখঃ মে, ২০১৭ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) এর শূণ্য পদের বিপরীতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) অনুযায়ী গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগ করা হবে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের নাম	শূণ্য পদ সংখ্যা	বেতন	প্রয়োজনীয় যোগ্যতা	নিয়োগ পদ্ধতি
০১	১ নং বেতাগা	৫ ও ৯	মহল্লাদার	০২	সরকার কর্তৃক নির্ধারিত (১৫০০+১৫০০= ৩০০০/-)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরাসরি নিয়োগের মাধ্যমে
০২	২ নং লখপুর	৩	মহল্লাদার	০১	ঐ	ঐ	সরাসরি নিয়োগের মাধ্যমে
০৩	৪ নং ফকিরহাট	----	দফাদার	০১	সরকার কর্তৃক নির্ধারিত (১৭০০+১৭০০= ৩৪০০/-)	মহাল্লাদার পদে অন্যুন ৭(সাত) বৎসরের চাকুরি	পদোনতির মাধ্যমে
০৪	৪ নং ফকিরহাট	৯	মহল্লাদার	০১	সরকার কর্তৃক নির্ধারিত (১৫০০+১৫০০= ৩০০০/-)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরাসরি নিয়োগের মাধ্যমে
০৫	৭ নং মুলঘর	৪	মহল্লাদার	০১	ঐ	ঐ	সরাসরি নিয়োগের মাধ্যমে
০৬	৮ নং শুভদিয়া	----	দফাদার	০১	সরকার কর্তৃক নির্ধারিত (১৭০০+১৭০০= ৩৪০০/-)	মহাল্লাদার পদে অন্যুন ৭(সাত) বৎসরের চাকুরি	পদোন্নতির মাধ্যমে
০৭	৮ নং শুভদিয়া	৭	মহল্লাদার	০১	সরকার কর্তৃক নির্ধারিত (১৫০০+১৫০০= ৩০০০/-)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	সরাসরি নিয়োগের মাধ্যমে

নিয়োগের শর্তাবলীঃ-

১। দফাদার প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের এবং মহল্লাদার প্রার্থীকে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।

২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে) (ছ) বয়স (০৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখে) (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা(যেদি থাকে) (ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে আবেদনপত্র স্বহস্তে লিখতে হবে।

৩। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতাঃ

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-

(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (আ) বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ ইঞ্চি(সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;

মহিলা প্রার্থীর ক্ষেত্রে-

(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (আ) সর্বনিম্ন বুকের মাপ ২৮(স্বাভাবিক); ৩০ ইঞ্চি(সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি;

৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) প্রার্থীর সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র, (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি(যেদি থাকে) (ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি (চ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি(ছবি ও দাখিলকৃত সনদপত্রের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সীল ব্যবহার করিতে হবে)।

৫। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট, বাগেরহাট এর অনুকূলে আবেদনকারীকে ৩০০/-(তিনশত) টাকা মুল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৬। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ০৮/০৬/২০১৭ তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে জাতীয় তালিকা/ লাল মুক্তিবার্তা তালিকা/ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/ গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৮। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে তা প্রমাণিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং আবেদনের অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১০। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট, বাগেরহাট এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ০৮/০৬/২০১৭ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অর্থাৎ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) পৌঁছাতে হবে। ধার্য তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১৩। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকেটযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে পদের নাম/কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১৪। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইন-চার্জ, ফকিরহাট মডেল থানা, ফকিরহাট, বাগেরহাট হতে চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহণ করতে হবে।

১৫। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১৭। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৮। পরবর্তীতে প্রার্থীদের স্থায়ীকরণের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত

(মোছাঃ শাহানাজ পারভীন)
উপজেলা নির্বাহী অফিসার
ফকিরহাট, বাগেরহাট
ফোন নং- ০৪৬৫৩৫৬২২২
unofakirhat@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১৩৪.০০০.১১.০০৩.১৬- ৬৮৭(২০০)

তারিখঃ ০৮মে, ২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, বাগেরহাট।
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফকিরহাট, বাগেরহাট।
০৪। উপজেলা ....অফিসার(সকল), ফকিরহাট, বাগেরহাট।
০৫। অফিসার ইন-চার্জ, ফকিরহাট মডেল থানা, ফকিরহাট, বাগেরহাট।
০৬। সহকারী প্রোগামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফকিরহাট, বাগেরহাট। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। চেয়ারম্যান,...ইউনিয়ন পরিষদ(সকল), ফকিরহাট, বাগেরহাট। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। সচিব, ... ইউনিয়ন পরিষদ(সকল), ফকিরহাট, বাগেরহাট।
০৯। জনাব ....
১০। নোটিশ বোর্ড।, ফকিরহাট, বাগেরহাট।

০৮/০৫/২০১৭

উপজেলা নির্বাহী অফিসার
ফকিরহাট, বাগেরহাট।